# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 21 April, 2025

খুলনা জেলার বটিয়াঘাটা থানার পাশেই একটি বাড়িতে ডাকাতি হয়েছে।ডাকাতরা নগদ টাকা ও ১০ ভরি সোনার গহনাসহ ১৩ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে গেছে।

সোমবার ভোর ৫ টার দিকে থানা সংলগ্ন কিসমত ফুলতলা সিলিন্দামারী গ্রামের আলহাজ মোদাচ্ছের হোসেনের বাড়িতে এ ডাকাতি সংগঠিত হয়।সকালে সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

বটিয়াঘাটা থানার অফিসার ইচার্জ মোঃ মনিরুল ইসলাম ডাকাতি হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।

পুলিশ ও স্থানীরা জানান, বটিয়াঘাটা উপজেলার কিসমত ফুলতলা এলাকার বাসিন্দা আলহাজ মোদাচ্ছের হোসেন ফজরের নামাজ আদায়ের জন্য ওযু করতে ঘুম থেকে উঠেন।এ সময়ে তিনি ঘরের দরজা খুলতে গেলে বাইরে দাড়িয়ে থাকা ১০/১২ জন লোক দরজা ধাক্কা দিয়ে ঘরের ভেতরে প্রবেশ করে।তখন ওই দুস্কৃতিকারীরা মোদাচ্ছেরের গলায় ধারালো অস্ত্র ধরে তাকে দোতলায় নিয়ে যায়।কলিং বেল বাজানোর পর মোদাচ্ছের শেখের ছেলে শামীম আল মামুন দরজা খুলে দিলে ওই দুস্কৃতিকারীরা পরিবারের সকলকে অস্ত্রের মুখে জিম্মি করে আলমীরা থেকে ১০/১২ ভরি ওজনের স্বর্ণের অলংকার, নগদ ৮২ হাজার টাকা, দু'টি মোবাইল ফোন এবং আলমারিতে থাকা কাপড় চোপড় লুট করে নিয়ে যায়।যার আনুমানিক মূল্য ১২-১৩ লাখ টাকা।সকালে সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে।

জানতে চাইলে ভুক্তভোগী মোঃ শামীম আল মামুনের পিতা আলহাজ মোঃ মোদাচ্ছের আলী জানান, ফজরের আযান দিলে তিনি নামাজ পড়ার প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময়ে কয়েকজন লোক দরজা ধাক্কা দিয়ে ঘরের ভেতর প্রবেশ করে অস্ত্রের মুখে জিম্মি করে ছেলের ঘরের ভেতরে প্রবেশ করে স্বর্ণালংকারসহ নগদ টাকা লুট করে পালিয়ে যায়।সকালে পুলিশকে খবর দেওয়া হলে তারা ঘটনাস্থল পরিদর্শন করেন।

বটিয়াঘাটা থানার অফিসার ইচার্জ মোঃ মনিরুল ইসলাম ডাকাতির বিষয়টি নিশ্চিত করে বলেন, পুলিশ সকালে ঘটনাস্থল পরিদর্শন করেছে।ভুক্তভোগীরা মৌখিকভাবে থানায় বিষয়টি জানিয়েছেন।পুলিশের মোবাইল টিম লুট হওয়া মালামাল উদ্ধারের জন্য কাজ শুরু করছে।

খুলনা সোনা ডাকাতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/across-the-country/1176695631